

## সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩১৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩১৯]

পর্ব-১: ত্বহারাহ্ (পবিত্রতা) (১ হান্ )

পরিচ্ছেদঃ ১৯৯: আরেক প্রকারের তায়াম্মুম

# نَوْعٌ آخَرُ مِنْ التَّيَمُّمِ

#### আরবী

أخبرنا إسماعيل بن مسعود أنبأنا خالد أنبأنا شعبة عن الحكم سمعت ذرا يحدث عن ابن أبزى عن أبيه قال وقد سمعه الحكم من ابن عبد الرحمن قال أجنب رجل فأتى عمر \_ رضى الله عنه \_ فقال إني أجنبت فلم أجد ماء . قال لا تصل . قال له عمار أما تذكر أنا كنا في سرية فأجنبنا فلم نجد ماء فأما أنت فلم تصل وأما أنا فإني تمعكت فصليت ثم أتيت النبي صلى الله عليه وسلم فذكرت ذلك له فقال إنما كان يكفيك . وضرب شعبة بكفيه ضربة ونفخ فيهما ثم دلك إحداهما بالأخرى ثم مسح بهما وجهه . فقال عمر شيئا لا أدري ما هو . فقال إن شئت لا حدثته . وذكر شيئا في هذا الإسناد عن أبي مالك وزاد سلمة قال بل نوليك من ذلك ما توليت .

تخريج دارالدعوه: انظر حديث رقم: ٣١٣ (صحيح)

#### বাংলা

৩১৮. ইসমাঈল ইবনু মাসউদ (রহ.) ..... ইবনু আবদুর রহমান (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, এক ব্যক্তি অপবিত্র হলে 'উমার (রাঃ)-এর কাছে এসে বলল, আমি অপবিত্র হয়ে পড়েছি কিন্তু পানি পাই না। তিনি বললেন, তুমি সালাত আদায় করবে না। তখন 'আম্মার বললেন, আপনার কি মনে নেই যে, আমরা এক যুদ্ধে ছিলাম, আমরা অপবিত্র অবস্থায় নিপতিত হলাম, তখন আমরা পানি পাইনি, এতে আপনি সালাত আদায় করলেন না কিন্তু আমি মাটিতে গড়াগড়ি দিলাম এবং সালাত আদায় করলাম। পরে নবী (সা.) -এর কাছে এসে তা বললাম। তখন তিনি বলেন, তোমার জন্যে এটাই যথেষ্ট ছিল, এ বলে 'শু'বাহ্ (রহ.) একবার মাটিতে হাত মারলেন আর তাতে ফুঁক দিলেন আর তা দিয়ে এক হাত অন্য হাতের সঙ্গে ঘষলেন এবং উভয় হাত দ্বারা তার চেহারা মাসাহ করলেন। তখন 'উমার (রাঃ) বললেন, এ বিষয়টি আমার বোধগম্য নয়। আম্মার বললেন, যদি আপনি চান তাহলে



আমি তা বর্ণনা করব না। এ সনদে আবূ মালিক (রহ.) হতে আরো কিছু বর্ণনা করেছেন। সালামাহ্ অতিরিক্ত বলেছেন, 'উমার (রাঃ) বললেন, তুমি যা বর্ণনা করলে তার দায়িত্ব তোমার ওপর অর্পণ করলাম।

### **English**

199. Another Way Of Performing Tayammum

It was narrated that Ibn 'Abdur-Rahman said: A man became Junub and came to 'Umar, may Allah be pleased with him, and said: 'I have become Junub and I cannot find any water.' He said: 'Do not pray.' 'Ammar said to him: 'Do you not remember when we were on a campaign and became Junub. You did not prayed, then I came to the Prophet (\*\*) and told him that, and he said: 'This would have been sufficient for you.' - (One of the narrators) Shu'bah struck his hands once and blew into them, then he rubbed them together, then wiped his face with them - ('Ammar said): 'Umar said something I did not understand. So he said: If you wish, I shall not narrate it. Salamah mentioned something in this chain from Abu Malik, and Salamah added that he said: Rather, we will let you bear the burden of what you tool upon yourself.

## ফুটনোট

সহীহ: বুখারী ৩৩৮, মুসলিম ২৮১। [দ্রঃ ৩১৩]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ ইবনু 'আবদুর রহমান ইবনু আব্যা (রহ.)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন